



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন


SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

প্রেস বিজ্ঞপ্তি

৪১৯ তম কমিশন সভা অদ্য ১৪/০২/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কর্পোরেট গভার্নেন্স গাইড লাইন সংশোধন সংক্রান্ত প্রস্তাব অদ্য কমিশন সভায় কিছু পরিবর্তন সাপেক্ষে অনুমোদন করা হয়। সংশোধিত কর্পোরেট গভার্নেন্স গাইড লাইনটি জনমত জরিপের জন্য পত্রিকা এবং কমিশনের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।
২. এছাড়াও উক্ত সভায় ইউনিক হোটেল এন্ড রিসোর্টস লিঃ এর ১০ টাকা মূল্যমানের ২ কোটি ৬০ লক্ষটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ৬৫ টাকা প্রিমিয়ামসহ ৭৫ টাকায় ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ১৯৫ কোটি টাকা পুঁজি উত্তোলন করে তিনটি নতুন হোটেল, ব্যাংক থেকে গৃহীত ঋন এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ (ট্যাক্স খরচ সহ) খাতে ব্যয় করবে। ইউনিক হোটেল এন্ড রিসোর্টস লিঃ এর ২০১০ সালের আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু হচ্ছে ১০০.৩৮ টাকা, শেয়ারের প্রতি আয় ৫.১৮ টাকা এবং ২০১১ ইং সালের জানুয়ারী-সেপ্টেম্বর সময়ের শেয়ার প্রতি আয় হচ্ছে ৪.৩০ টাকা। উল্লেখ্য, ব্রাক ইপিএল ইনভেস্টমেন্ট লিঃ ইউনিক হোটেল এন্ড রিসোর্ট লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
৩. অদ্যকার সভায় কমিশন লংকা বাংলা সিকিউরিটিজ লিঃ এর প্রাথমিক গণ প্রস্তাবের আবেদন বিবেচনা করেনি। কারণ লংকা বাংলা সিকিউরিটিজ লিঃ, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর একটি সদস্য প্রতিষ্ঠান।
৪. ইস্যুয়ার কোম্পানী সমূহ প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত অর্থ কোন কোন খাতে ব্যবহার করতে পারবে তার নীতিমালা প্রণয়নের জন্য কমিশন সভায় দুই সদস্য বিশিষ্ট (জনাব ফরহাদ আহমেদ ও জনাব এটিএম তারিকুজ্জামান, নির্বাহী পরিচালকদ্বয়ের সমন্বয়ে) একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি আদেশ জারীর পাঁচ কার্যদিবসের মধ্যে কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করবে।
৫. এখন থেকে মূলধন উত্তোলন (Capital Raising) এর সময় যে সমস্ত প্রতিষ্ঠান বিদেশী উৎস থেকে অর্থ সংগ্রহ করবে এই মর্মে আবেদনপত্র দাখিল করবে তাদেরকে প্রস্তাবিত আবেদনপত্রের সাথে বাংলাদেশ ব্যাংকের সম্মতিপত্র/অনাপত্তি পত্র দাখিল করতে হবে।
৬. ডেল্টা স্পিনিং মিলস্ লিঃ গত ২৬-০১-২০১২ইং তারিখের এক পত্রের মাধ্যমে কমিশনকে অবহিত করে যে প্রায় ২৮৫জন শেয়ারহোল্ডার যাদের অগ্রণী ব্যাংক লিঃ এর সাথে ব্যাংক হিসাব আছে তাদের লভ্যাংশ বিতরণ করা হয় নাই। এই প্রেক্ষিতে ডেল্টা স্পিনিং মিলস্ লিঃ, কমিশনের নোটিফিকেশন নং-এসইসি/সিএমএমআরআরসিডি/২০০৯-১৯৩/প্রশাসন/০৩-৩১, তাং ০১/০৬/২০০৯ইং এর ৩ ধারা অনুযায়ী কোম্পানীর ঘোষিত লভ্যাংশের টাকা ২৯/০২/২০১২ইং এর মধ্যে উল্লেখিত শেয়ার হোল্ডারদের মাঝে বিতরণ করে কমিশনকে অবহিত করবে।
৭. জনতা ইস্যুরেস কোম্পানী লিঃ এর শেয়ারের অভিহিত মূল্য দশ (১০) টাকায় পরিবর্তন না করা প্রসঙ্গে কমিশনকে একটি পত্রের মাধ্যমে জানিয়েছে যে, কোম্পানীর ২৫তম এজিএম স্থগিত হওয়ায় এজিএম সংক্রান্ত বিষয়টি মহামান্য আদালতের সিদ্ধান্তের অপেক্ষায় আছে। যেহেতু তারা এজিএম সম্পন্ন করতে পারছে না, সেহেতু তারা কমিশনের আদেশ নং-এসইসি/সিএমএমআরআরসিডি/২০০৯-১৯৩/১০৯, তাং ১৫/০৯/২০১১ইং অনুযায়ী শেয়ারের অভিহিত মূল্য ১০ টাকায় পরিবর্তন করতে পারছে না। বিষয়টি কমিশন সভার মাধ্যমে অবহিত হয়েছে।
৮. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের বোর্ড ইলেকশন, ২০১২ এর জন্য DSE মনোনীত ১০ জন সদস্যের Letter of Intent এর বিষয়ে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে।


১৪/০২/২০১২

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র
সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন